**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
জেলা কমান্ড্যান্টের কার্যালয়, ঠাকুরগাঁও।
www.ansarvdp.thakurgaon.gov.bd

স্মারক নং-৪৪.০৩.৫৫৯৪.০০২.০৮.০০১.২৩- ১৯১৯

তারিখঃ ১৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ।
২৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ।

**"নিলাম বিজ্ঞপ্তি"**

এতদ্বারা রেশন সামগ্রী (চাল ও গম) ক্রয়কারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, ঠাকুরগাঁও এর কর্মকর্তা, কর্মচারী, ব্যাটালিয়ন আনসার, মহিলা আনসার এবং বিভিন্ন সংস্থায় অঙ্গীভূত আনসার ও কর্মরত ভিডিপি সদস্যদের নভেম্বর/২০২৩ খ্রিঃ মাসের রেশন সামগ্রী বিতরণপূর্বক উদ্ধৃত্ত রেশন সামগ্রী (চাল ও গম) বিক্রয়ের দরপত্র আহব্বান করা যাচ্ছে। সে প্রেক্ষিতে ক্রয় করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ০৫/১১/২০২৩ খ্রি: ১০.০০ ঘটিকার মধ্যে অত্র জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, ঠাকুরগাঁও-এ উপস্থিত হয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করে দরপত্র দাখিলের জন্য অনুরোধ করা হলো ।

**শর্তাবলীঃ**

১। নিলাম ডাকে অংশগ্রহণের জন্য নিজ নিজ প্রতিষ্ঠানের প্যাডে প্রস্তাবিত মূল্য নির্ধারণ পূর্বক দরপত্র দাখিল করতে হবে। সর্বোচ্চ নিলাম ডাককারীকে সমুদয় টাকা এককালীন নগদ পরিশোধ করতে হবে। অন্যথায় ডাক বাতিল বলে গণ্য হবে।

২। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের উপস্থিতিতে নিলাম কার্যক্রম পরিচালনা করা হবে (যদি কেউ উপস্থিত থাকেন) ।

৩। কর্তৃপক্ষ নিলামে অংশগ্রহণকারীদের নিলাম ডাক কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৪। শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নিলামে অংশগ্রহণকারীকে সমুদয় টাকা এককালীন পরিশোধ করে নির্ধারিত দিনে রেশন সামগ্রী (চাল ও গম) বুঝে নিতে হবে ।

৫। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান অফিস চলাকালীন সময়ে রেশন সামগ্রী (চাল ও গম) অত্র জেলা অফিসে সরজমিনে দেখতে পারবেন।

29.10.23

মোঃ মিনহাজ আরেফিন
বিএভি- ১২০১৮৭
জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঠাকুরগাঁও।
ফোন: ০২৫৮৯৯৩১৪৪২
dcthakurgaon@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.৫৫৯৪.০০২.০৮.০০১.২৩- ১৯১৯

তারিখঃ ১৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ।
২৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ।

**অনুলিপিঃ**

| | | |
|---|---|---|
| ১। | প্রশিক্ষণ শাখা, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | পরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>রংপুর রেঞ্জ, রংপুর। | ঐ |
| ৩। | জেলা প্রশাসক, ঠাকুরগাঁও কার্যালয়ের নোটিশ বোর্ড। | সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য। |
| ৪। | পুলিশ সুপারের কার্যালয়, ঠাকুরগাঁও নোটিশ বোর্ড। | ঐ |
| ৫। | উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল), ঠাকুরগাঁও নোটিশ বোর্ড | ঐ |
| ৬। | ব্যবসায় সমিতি, ঠাকুরগাঁও। | প্রচারের জন্য। |
| ৭। | নোটিশ বোর্ড<br>............................., ঠাকুরগাঁও। | ঐ |
| ৮। | দপ্তর নথি। | |

29.10.23

জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঠাকুরগাঁও।